রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন: (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ই-মেইল: registrar@jnu.ac.bd
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯


মুজিব শতবর্ষ MUJIB 100

জবি/প্রশা-২৪(১২)/১৮/৫৭৪ তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১২ জুন, ২০২৪

ডিন/পরিচালক/চেয়ারম্যান
..................................................................অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**বিষয়:** "Vice-Chancellor's গবেষণা পুরস্কার" (Vice-Chancellor's Research Award) প্রদানের জন্য আবেদন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানাচ্ছি যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দকে উন্নতমানের গবেষণা ও প্রকাশনায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে বার্ষিক "Vice-Chancellor's গবেষণা পুরস্কার" (Vice-Chancellor's Research Award) প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই লক্ষ্যে অনুমোদিত নীতিমালা এবং আবেদন ফরম (নমুনা) বিজ্ঞপ্তি পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। আরও উল্লেখ্য, আগামী ০৯ জুলাই ২০২৪ তারিখ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের জন্য বার্ষিক "Vice-Chancellor's গবেষণা পুরস্কার" প্রদান করা হবে। আগ্রহী প্রার্থিগণ আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করে রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

১২.০৬.২৪
(অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

সংযুক্তি: সংশ্লিষ্ট নীতিমালা ও আবেদন ফরম।

জবি/প্রশা-২৪(১২)/১৮/৫৭৪ তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১২ জুন, ২০২৪

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১-২. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER)/ আধুনিক ভাষা ইনস্টিটিউট (IML), জবি
০৩-৪১. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি
৪২. গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জবি
৪৩-৪৮. পরিচালক (গবেষণা/অর্থ ও হিসাব/বহিরাঙ্গন কার্যক্রম/আইসিটি সেল (ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ) /জনসংযোগ, তথ্য ও প্রকাশনা/ IQAC), জবি
৪৯. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫০. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫১. অফিস নথি

১২/০৬/২০২৪
(মোহাম্মদ এমেল হক মোল্লা)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)।

DR Admin-3\Forwarding\General

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

**বিভিন্ন অনুষদের শিক্ষকগণের মধ্যে "Vice-Chancellor's গবেষণা পুরস্কার" (Vice-Chancellor's Research Award) প্রদানের অনুমোদিত নীতিমালা:**

১। শুধু বিভিন্ন অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষকগণ "Vice-Chancellor's গবেষণা পুরস্কার" (Vice-Chancellor's Research Award) প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। উন্নতমানের গবেষণা প্রকাশনার স্বীকৃতিস্বরুপ সংশ্লিষ্ট ডিন অফিস কর্তৃক অনুষদের শিক্ষকদের মধ্যে প্রতি দুই শিক্ষা বছরের জন্য "Vice-Chancellor গবেষণা পুরস্কার" প্রদান করা হবে। গবেষণাপত্রের জন্য এই পুরস্কার নিম্নের চার ক্যাটাগরীতে প্রদান করা হবে:

ক) অধ্যাপক খ) সহযোগী অধ্যাপক গ) সহকারী অধ্যাপক ঘ) প্রভাষক

২। গবেষণাপত্রটি মৌলিক বা প্রায়োগিক (Basic or Applied) ধর্মী হতে হবে। গবেষণাপত্রটি সংশ্লিষ্ট কোনো শিক্ষা বছরের ১লা জুলাই থেকে ৩০ জুন এর মধ্যে Peer reviewed দেশি বা বিদেশী জার্নালে প্রকাশিত হতে হবে। যে শিক্ষা বছর এবং ক্যাটাগরীর জন্য গবেষণাপত্রটি গবেষণা পুরস্কারের নিমিত্তে দাখিল করা হবে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। কোন গবেষণাপত্রে একাধিক লেখক থাকলে শুধুমাত্র প্রথম লেখক অথবা করেসপন্ডিং (Corresponding) লেখককে পুরস্কার প্রদানের জন্য বিবেচনা করা হবে। একই গবেষণাপত্রের বিপরীতে একাধিক লেখক আবেদন করতে পারবেন না। একই গবেষণাপত্র দিয়ে দুই ক্যাটাগরীতে আবেদন করা যাবে না। আবেদনপত্রে সহযোগী লেখকদের থেকে সম্মতিপত্র নিতে হবে।

৪। গবেষণাপত্রটির মৌলিকত্ব (Originality) উদ্ভাবন বা আবিষ্কার (Innovation or Discovery) এবং শিল্প ও আর্থ-সামাজিক গুরুত্ব (Industry and socio-economic importance) এবং SDG-এর কোন কোন Goal- এর সাথে সম্পর্কিত সে বিষয়ে মোট ২০০ শব্দের একটি বর্ণনা দিতে হবে।

৫। বাংলাদেশ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত প্রকল্পের ফলাফল নিয়ে প্রকাশিত গবেষণাপত্রকে অগ্রাধিকার দেয়া হবে।

৬। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সুযোগ-সুবিধা ব্যবহার করে প্রকাশিত গবেষণাপত্রকে বিবেচনা করা হবে।

৭। কোনো ক্যাটাগরীতে জমাকৃত কোনো গবেষণাপত্র মূল্যায়নে ৬০ (ষাট) নম্বর (১০-ধারা মোতাবেক) না পেলে সেক্ষেত্রে ওই ক্যাটাগরীতে কোনো পুরস্কার প্রদান করা হবে না।

৮। কোনো শিক্ষক যে শিক্ষা বছর সংশ্লিষ্ট অনুষদের Vice-Chancellor's Research Award পাবেন তিনি পরবর্তী শিক্ষা বছরে এ অনুষদের Vice-Chancellor's Research Award -এর জন্য বিবেচিত হবেন না।

৯। নির্ধারিত ফর্মে আবেদনপূর্বক গবেষণাপত্রের তিন কপি (রি-প্রিন্ট বা ফটোকপি) জমা দিতে হবে। একই সাথে আবেদনকারীর প্রকাশিত ০৫টি (যদি থাকে) গবেষণা প্রবন্ধ (Research Article) তালিকা জমা দিতে হবে।

১০। দাখিলকৃত গবেষণাপত্রসমূহ থেকে পুরষ্কারের জন্য Vice-Chancellor কতৃক গঠিত একটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা নিম্নলিখিত বৈশিষ্ট্যের (Criteria) ভিত্তিতে নির্বাচিত করা হবে:

| Serial No | Criteria | Number |
|---|---|---|
| 1. | Originality of the research | 20 |
| 2. | Innovation/Discoveryof the research | 20 |
| 3. | Industry and Socio-economic importance | 10 |
| 4. | Scientific technique/Methodology | 10 |
| 5. | Use of JagannathUniversity facilities/Resources | 10 |
| 6. | Linked with SDGs Goal | 10 |
| 7. | Quality and ranking of the journal | 20 |
| | Total | 100 |

Rt.

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

শিক্ষকগণের "Vice-Chancellor's গবেষণা পুরস্কার প্রাপ্তির জন্য আবেদনপত্র
(বাংলা বা ইংরেজি যেকোনো ভাষায় আবেদন করা যাবে)

| প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| শিক্ষাবর্ষ | ২০০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ | | | | ২০০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ | | | |
| ক্যাটাগরী | অধ্যাপক | সহযোগী অধ্যাপক | সহকারী অধ্যাপক | প্রভাষক | অধ্যাপক | সহযোগী অধ্যাপক | সহকারী অধ্যাপক | প্রভাষক |

অনুষদের নামঃ

১. নামঃ

২. পদবীঃ

৩. বিভাগঃ

৪. আমি গবেষণাপত্রটির ফার্স্ট/সেকেন্ডে/করেস্পন্ডিং অথারঃ

৫. গবেষণাপত্রটির শিরোনামঃ

৬. গবেষণাপত্রটি প্রকাশিত হওয়ার তারিখঃ

৭. জার্নালের নাম ও ইম্প্যাক্ট ফ্যাক্টরঃ

৮. গবেষণাপত্রটির মৌলিকত্ব (Originality) ৫০ শব্দে লিখুনঃ

৯. গবেষণাপত্রটির উদ্ভাবন বা আবিষ্কার (Innovation or Discovery) ৫০ শব্দে লিখুনঃ

১০. গবেষণাপত্রটির শিল্প ও আর্থ-সামাজিক গুরুত্ব (Industry and socio-economic importance) ৫০ শব্দে লিখুনঃ

১১. গবেষণাপত্রটি কোন SDG-এর সাথে কীভাবে সম্পর্কিতসেটা ৫০ শব্দে লিখুনঃ

১২. গবেষণাপত্রটি বাংলাদেশ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত প্রকল্পের ফলাফল নিয়ে প্রকাশিত হয়েছে কিনা?

১৩. গবেষণাপত্রটি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সুযোগ-সুবিধা ব্যবহার করে প্রকাশিত হয়েছে কিনা?

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখঃ

চেয়ারম্যানের স্বাক্ষর ও তারিখঃ